গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৩।

নং-ধবিম/শাঃ ৩/১-২/২০০৮-৯১ তারিখ ঃ ১৬.০৩.২০০৮

১৪২৯ হিজরী সনের
হজ্জ সম্পর্কিত প্রেস বিজ্ঞপ্তি

**১৪২৯ হিজরী** সনের হজ্জ আগামী **০৯ ডিসেম্বর ২০০৮** তারিখে চাঁদ দেখা সাপেক্ষে অনুষ্ঠিত হবে। সরকারী ব্যবস্থাপনায় ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জ সম্পাদন করা যাবে। এ বছর মোট **৬৫,০০০ (পঁয়ষট্টি হাজার)** হজ্জযাত্রী প্রেরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হবে। তন্মধ্যে সরকারী ব্যবস্থাপনায় **১৫,০০০** ও বেসরকারী ব্যবস্থাপনায় **৫০,০০০** জন।

## সরকারী ব্যবস্থাপনা

(১) সরকারী ব্যবস্থাপনায় হজ্জযাত্রীগণের মধ্যে যাঁরা মক্কাতে **কাবা শরীফ হতে ১০০০ মিটারের** মধ্যে অবস্থান করতে ইচ্ছুক তাঁদের জনপ্রতি সার্বিক খরচ **২,২০,১৪০/- (দুই লক্ষ কুঁড়ি হাজার একশত চল্লিশ)** টাকা ও যাঁরা **১৫০০ মিটারের** মধ্যে অবস্থান করতে ইচ্ছুক তাঁদের জনপ্রতি সার্বিক খরচ **১,৯৯,২৪০/- (এক লক্ষ নিরানব্বই হাজার দুইশত চল্লিশ)** টাকা নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হয়েছে ঃ

| ক্রমিক নং | ব্যয়ের খাতসমূহ | মক্কা শরীফ থেকে ১০০০ মিটার দূরত্বের মধ্যে অবস্থানকারী হজ্জযাত্রী প্রতি ব্যয় | মক্কা শরীফ থেকে ১৫০০ মিটার দূরত্বের মধ্যে অবস্থানকারী হজ্জযাত্রী প্রতি ব্যয় |
|---|---|---|---|
| ১.(ক) | বিমান ভাড়া (নীট) | ৯৩,১৫০/- (১৩৫০ মাঃ ডঃ) | ৯৩,১৫০/- (১৩৫০ মাঃ ডঃ) |
| (খ) | এম্বারকেশন ফি | ৩০০/- | ৩০০/- |
| (গ) | ফুয়েল সারচার্জ | ৪,৮৩০/- (৭০মাঃডঃ) | ৪,৮৩০/- (৭০মাঃডঃ) |
| (ঘ) | ইন্সিওরেন্স সারচার্জ | ৬৯০/- | ৬৯০/- |
| | মোট | **৯৮,৯৭০/-** | **৯৮,৯৭০/-** |
| ২. | **স্থানীয়** সার্ভিস চার্জ-(আইডি কার্ড, কব্জিবেল্ট, পিলগ্রীম পাস, পুস্তিকা, কিটব্যাগ, আইটি সার্ভিস, প্রশিক্ষণ, হজ্জক্যাম্পে আবাসন, প্রচারণাসহ হাজীদের সেবা ব্যয়) | ৩০০/- | ৩০০/- |
| ৩. | আপৎকালীন ফান্ড, | ৫০/- | ৫০/- |
| ৪. | মীনা-আরাফাতের তাঁবু ভাড়া, জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, মোয়াল্লেম ফি ইত্যাদি বাবদ সৌদি কর্তৃপক্ষকে প্রদেয়। | ২০,৯০০/- (সৌঃরিঃ ১,১০০) | ২০,৯০০/- (সৌঃরিঃ ১,১০০) |
| ৫. | মীনা-আরাফাতের **মোয়াল্লেম সার্ভিস চার্জ** | ২,৪৭০/- (সৌঃরিঃ ১৩০) | ২,৪৭০/- (সৌঃরিঃ ১৩০) |
| ৬. | **মক্কা ও মদিনার বাড়ী ভাড়া** | ৬৭,৪৫০/- (৩২০০+৩৫০= ৩৫৫০সৌঃ রিঃ) | ৪৬,৫৫০/- (২১০০+৩৫০= ২৪৫০সৌঃ রিঃ) |
| ৭. | **হজ্জযাত্রীদের ব্যক্তিগত খরচ** (খাওয়া ও কুরবানী) | ২৬,০০০/- | ২৬,০০০/- |
| ৮. | **হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ** | ৪,০০০/- | ৪,০০০/- |
| | সর্বমোট | **২,২০,১৪০/-** | **১,৯৯,২৪০/-** |

(২) **একজন হজ্জযাত্রীর প্রাপ্য সেবাসমূহ ঃ** (ক) সৌদি ভিসা (খ) বিমানের সাধারণ শ্রেণীতে সৌদি আরবে আসা-যাওয়ার সুযোগ, (গ) মক্কায় ক্বাবা শারীফ থেকে **১০০০/১৫০০ মিটার** ও মদিনায় মসজিদে নববী হতে **৮০০ মিটারের** মধ্যে তাসরিয়াযুক্ত বাড়ীতে আবাসন সুবিধা, (ঘ) মক্কায় **৩.৫ বর্গ মিটার** ও মদিনায় **২.৫ বর্গ মিটার** জায়গায় (বাস্তবে কমবেশী হতে পারে) **১টি খাট, ১টি বেড, ১টি বালিশ ও ১টি কম্বল** (বিছানাপত্র ময়লা হলে নিজে পরিষ্কার করতে হবে) (ঙ) কক্ষ **শীতাতপ নিয়ন্ত্রিত** হবে (কোথাও অতিরিক্ত ফ্যান থাকতে পারে), (চ) সর্বোচ্চ **১০-১২ জনের** জন্য **১টি** গোসলখানা/টয়লেট, (ছ) প্রতি বাড়ীতে সাপ্লাইয়ের পানির ব্যবস্থা (হজ্জের সময় পানির চাহিদা বৃদ্ধি পাওয়ায় কখনও কখনও সরবরাহ বিঘ্নিত হতে পারে), (জ) বাড়ীর প্রতি ফ্লোরে এক বা একাধিক **ফ্রিজ** ও রান্নার জন্য এক বা একাধিক কিচেন, (ঝ) মীনায় তাঁবুতে প্রতি হাজীর জন্য **১ বর্গ মিটার** জায়গা, (ঞ) অনুমোদিত রুটে জেদ্দা-মক্কা-মদিনায়-আরাফাত-মীনায় যাওয়া-আসার জন্য বাস সুবিধা প্রদান, (ট) মক্কা ও মদিনায় সাধারণ **চিকিৎসা সুবিধা**, (ঠ) আশকোনাস্থ হজ্জক্যাম্পের ডরমেটরীতে ফ্লাইটপূর্ব থাকার ব্যবস্থা, কাফেটেরিয়াতে

নিজ খরচে খাবারের ব্যবস্থা, হজ্জের আহ্‌কাম-আরকান সম্পর্কে **নিবিড় প্রশিক্ষণ,** বইপুস্তক সরবরাহ এবং কাস্টম/ইমিগ্রেশনের আনুষ্ঠানিকতা শেষে বাসযোগে বিমান বন্দরে পৌঁছানো ও (ড) প্রতি ৫০ জন হাজীর জন্য ১ জন হজ্জকর্মে অভিজ্ঞ **গাইড** নিয়োগ। উল্লেখ্য, খাওয়া ও কোরবানীর বিপরীতে ব্যক্তিগত খরচ বাবদ ২৬,০০০ (ছাব্বিশ হাজার) টাকা ঢাকাস্থ হজ্জ ক্যাম্পে সৌদি রিয়ালে পরিশোধ করা হবে। এছাড়া বাড়ী ভাড়া বাবদ প্রাপ্ত টাকার কমে সৌদি আরবে বাড়ী ভাড়া করা হলে **বাড়তি টাকাও সৌদি আরবেই ফেরৎ দেয়া হবে।**

(৩) সরকারী ব্যবস্থাপনায় টাকা জমা দেয়ার সর্বশেষ **তারিখ ০৬ জুলাই ২০০৮। উক্ত তারিখের পর কোন অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না। আবেদন ফরম** জেলা প্রশাসকের কার্যালয়/ইসলামিক ফাউন্ডেশনের জেলা ও বিভাগীয় কার্যালয়/উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় এবং হজ্জ অফিসার, ঢাকা -এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে **স্ব-স্ব জেলা প্রশাসকের অফিসে ০৭ জুলাই ২০০৮ তারিখের মধ্যে দাখিল করতে হবে ;**

(৪) জেলা প্রশাসকগণ প্রাপ্ত ফরমসমূহ যাচাই-বাছাইপূর্বক সমন্বিত করে বিশেষ বাহক মারফত **০৯ জুলাই,** ২০০৮ তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, উত্তরা ঢাকায় প্রেরণ করবেন এবং একটি তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও জেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবেন ;

(৫) **হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ নিম্নে বর্ণিত তফসিলী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়া যাবে ঃ**

| | |
|---|---|
| (ক) সোনালী ব্যাংক | (চ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| (খ) অগ্রণী ব্যাংক | (ছ) বাংলাদেশ কৃষি ব্যাংক |
| (গ) জনতা ব্যাংক | (জ) আল আরাফাহ ইসলামী ব্যাংক |
| (ঘ) রূপালী ব্যাংক | (ঝ) সিটি ব্যাংক |
| (ঙ) পুবালী ব্যাংক | (ঞ) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। |

(৬) হজ্জযাত্রীদের জন্য ঢাকাস্থ হজ্জ অফিসের মাধ্যমে পিলগ্রীম পাস, ভিসা, বিমানের টিকেট ও বৈদেশিক মুদ্রার ব্যবস্থা করা হবে ;

(৭) সরকারী ব্যবস্থাপনার সকল হজ্জযাত্রী কেবল জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর দিয়ে সৌদি আরব গমন করবেন ;

(৮) সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীদের লাগেজে নাম, পিলগ্রীম পাস ও মোয়াল্লেম নম্বর ইংরাজীতে লেখা বাধ্যতামূলক ;

(৯) ঢাকাস্থ হজ্জ অফিস হজ্জযাত্রীদের মক্কার বাসা বরাদ্দ করবে। সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ হজ্জ মিশন মদিনার বাসা বরাদ্দ করবে।

## বেসরকারী ব্যবস্থাপনা :

(১) হজ্জ এজেন্সীর মাধ্যমে গমনেচ্ছুক হজ্জযাত্রী প্রতি ব্যয় ঃ (ক) বিমান ভাড়া (নীট)- ৯৩,১৫০/- (খ) এম্বারকেশন ফি- ৩০০/- (গ) ফুয়েল চার্জ- ৪,৮৩০/- (ঘ) ইন্সিওরেন্স চার্জ- ৬৯০/- (ঙ) স্থানীয় সার্ভিস চার্জ- ৩০০/- ও (চ) জেদ্দা-মক্কা-মদিনা-মিনা-আরাফাতের যাতায়াত ব্যয়, তাবু ভাড়া ও মোয়াল্লেম ফি ইত্যাদি- ২০,৯০০/- টাকা নির্ধারণ করা হয়েছে ;

(২) এ ছাড়া (ক) মিনা-আরাফাতের মোয়াল্লেম সার্ভিস চার্জ, (খ) মক্কা-মদিনার বাড়ী ভাড়া ব্যয়, (গ) হজ্জযাত্রীদের ব্যক্তিগত খরচ (খাওয়া ও কুরবানীসহ), ও (ঘ) হজ্জ গাইড ও প্রশিক্ষণ চার্জ প্রত্যেক এজেন্সী নিজ নিজ প্যাকেজ অনুযায়ী নির্ধারণ করবে ;

(৩) বেসরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ জিয়া আন্তর্জাতিক বিমান বন্দর ছাড়াও চট্টগ্রাম ও সিলেট বিমান বন্দর দিয়ে সৌদি আরব যেতে পারবেন। তবে তাদেরকে বিমান ভাড়া বাবদ অতিরিক্ত ১০০ মার্কিন ডলারের সমপরিমাণ ৬,৯০০/- টাকা প্রদান করতে হবে ;

(৪) হজ্জ ব্যবস্থাপনার বিষয়ে সরকার ও হজ্জ এজেন্সীকে আগামী ৩১ মার্চ, ২০০৮ তারিখের মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন করতে হবে ;

(৫) সরকার ও হজ্জ এজেন্সীর মধ্যে দ্বি-পাক্ষিক চুক্তি ব্যতিরেকে কোন হজ্জ এজেন্সী হজ্জ প্যাকেজ ঘোষণা করতে পারবে না ;

(৬) প্রত্যেক হজ্জ এজেন্সীকে হজ্জযাত্রীর সাথে নির্ধারিত ফরমে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তির মূল কপি হাজীর নিকট, একটি অনুলিপি হজ্জ অফিসে এবং অন্যটি হজ্জ এজেন্সীর নিকট সংরক্ষিত থাকবে ;

(৭) হজ্জ এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে দ্বি-পক্ষীয় চুক্তি সম্পাদন ব্যতিরেকে কোন এজেন্সী হজ্জ বাবদ **অর্থ সংগ্রহ করতে পারবে না** ও ভিসা প্রক্রিয়াকরণ হবে না ;

(৮) প্রত্যেক এজেন্সীকে হজ্জযাত্রীদের পূর্ণ নাম ও ঠিকানা সম্বলিত একটি তালিকাসহ সরকার নির্ধারিত ব্যাংকে মোয়াল্লেম ফি, স্থানীয় সার্ভিস চার্জ ইত্যাদি আগামী ৬ জুলাই,২০০৮ তারিখের মধ্যে নির্ধারিত ব্যাংকে জমা দিতে হবে। এসব তথ্য ব্যতীত কোন ব্যাংক এজেন্সীর নিকট থেকে অর্থ গ্রহণ করতে পারবে না। উক্ত তারিখের পর কোন অবস্থাতেই হজ্জের টাকা জমা নেয়া হবে না।

(৯) হজ্জের ব্যয় বাবদ উক্ত সমুদয় অর্থ সোনালী ব্যাংকের নিম্নলিখিত শাখাগুলোতে জমা দেয়া যাবে ঃ

(ক) সোনালী ব্যাংক, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।
(খ) সোনালী ব্যাংক, ফকিরাপুল শাখা, ঢাকা।
(গ) সোনালী ব্যাংক, দিলকুশা কর্পোরেট শাখা, দিলকুশা, ঢাকা।
(ঘ) সোনালী ব্যাংক, আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম।
(ঙ) সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, সিলেট।

(১০) প্রত্যেক এজেন্সী হজ্জযাত্রীদের সমন্বিত তালিকা বিশেষ বাহক মারফত ১৪ জুলাই, ২০০৮ তারিখের মধ্যে হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা-তে প্রেরণ করবেন এবং একটি তালিকা পুলিশ ছাড়পত্র এবং স্বাস্থ্য পরীক্ষার জন্য যথাক্রমে পুলিশ কমিশনার/পুলিশ সুপার ও জেলা মেডিক্যাল বোর্ড প্রধানের নিকট প্রেরণ করবে ;

(১১) আবেদন ফরম, চুক্তির ফরমসহ অন্যান্য ফরম হজ্জ অফিস, ঢাকা হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া সংশ্লিষ্ট ওয়েভসাইট থেকে ডাউনলোড করা যাবে ;

(১২) সরকারী ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রী প্রতি নির্ধারিত সর্বনিম্ন প্যাকেজ মূল্য ১,৯৯,২৪০/- টাকার নিম্নে কোন এজেন্সী প্যাকেজ ঘোষণা করতে পারবে না ;

(১৩) হজ্জযাত্রীদের জন্য আগামী ১ সেপ্টেম্বর ২০০৮ তারিখের মধ্যে মক্কাতে ও আগামী ১ অক্টোবর, ২০০৮ তারিখের মধ্যে মদিনাতে বাড়ী ভাড়া সম্পন্ন করতে হবে ;

(১৪) হজ্জ এজেন্সীসমূহ, হজ্জ অফিসার, ঢাকা ও বিমানের কর্তৃপক্ষ ত্রি-পক্ষীয় আলোচনাক্রমে আগামী ১৫ অক্টোবর তারিখের মধ্যে হজ্জ ফ্লাইট সিডিউল চূড়ান্ত করবে ;

(১৫) প্রত্যেক এজেন্সী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের সাথে যোগাযোগ করে হজ্জযাত্রীদের অগ্রিম বিমান ভাড়া নির্ধারিত তারিখের মধ্যে বিমানের ব্যাংক হিসাবে জমা দিবে ;

(১৬) হজ্জযাত্রীগণ অনুমোদিত হজ্জ এজেন্সির মাধ্যমে ঢাকা হজ্জ অফিস কর্তৃক সরবরাহকৃত পিলগ্রীম পাসে সৌদি দূতাবাস হতে ইস্যুকৃত ভিসার মাধ্যমে হজ্জে গমন করবেন ;

(১৭) বে-সরকারী ব্যবস্থাপনার হজ্জযাত্রীর লাগেজে নিজের নামের সাথে এজেন্সির নাম ও সৌদি আরবে সংশ্লিষ্ট এজেন্সি/প্রতিনিধির মোবাইল নম্বরসহ ঠিকানা ইংরাজীতে লেখা বাধ্যতামূলক ;

(১৮) হজ্জযাত্রীগণ হজ্জ এজেন্সী কর্তৃক নির্ধারিত ব্যাংক একাউন্টে টাকা জমা দিবেন। তবে এজেন্সীসমূহ শুধুমাত্র এজেন্সীর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক স্বাক্ষরিত রসিদমূলে হজ্জ গমনেচ্ছুকদের নিকট থেকে সরাসরি নগদ টাকা গ্রহণ করতে পারবে। কোন দালাল বা তথাকথিত কাফেলা লিডারের মাধ্যমে হজ্জযাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করতে পারবে না ;

(১৯) প্রত্যেক এজেন্সী হজ্জ প্যাকেজ, হজ্জযাত্রীর তালিকা ও তাদের ব্যক্তিগত তথ্য, হজ্জযাত্রীদের ফ্লাইট সিডিউল, সরকার ও এজেন্সী এবং এজেন্সী ও হজ্জযাত্রীর মধ্যে স্বাক্ষরিত চুক্তিপত্র, মক্কা ও মদিনায় হজ্জযাত্রীদের জন্য ভাড়াকৃত বাড়ির বিস্তারিত তথ্য, নিয়োজিত প্রতিনিধি ও হজ্জকর্মীর সৌদি আরব এবং বাংলাদেশের ঠিকানা ও মোবাইল নম্বরসহ প্রয়োজনীয় সকল তথ্য নিজ নিজ ওয়েবসাইটে প্রকাশ করবে এবং প্রকাশিত তথ্যের সফ্‌ট কপি হজ্জ অফিস ঢাকায় সরবরাহ করবে।

## ৩। সরকারী ও বেসরকারী উভয় ব্যবস্থাপনাধীন হজ্জযাত্রীদের জন্য প্রযোজ্য তথ্যাদি ঃ

(১) মাহ্‌রাম ব্যতীত মহিলা হজ্জযাত্রী এককভাবে হজ্জে গমনের যোগ্য বিবেচিত হবেন না ;

(২) মহিলা হজ্জযাত্রীগণকে মাহ্‌রামের সাথে একত্রে টাকা জমা দিতে হবে ;

(৩) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড হজ্জযাত্রী পরিবহনের দায়িত্ব পালন করবে ;

(৪) সংশোধিত জাতীয় হজ্জনীতির ২০ অনুচ্ছেদের বিধান অনুসারে শুধুমাত্র আবেদনকারীর মৃত্যুজনিত কারণে জমাকৃত অর্থের আংশিক ফেরৎ দেয়া হবে ;

(৫) বিমান ভাড়া বৃদ্ধি পেলে সেক্ষেত্রে বর্ধিত ভাড়া হজ্জযাত্রীকে পরিশোধ করতে হবে ;

(৬) হজ্জের **সার্বিক খরচ** ছাড়াও প্রত্যেক হজ্জযাত্রী প্রচলিত **ব্যাগেজ রুল** অনুসারে প্রয়োজনীয় পরিমাণ **বৈদেশিক মুদ্রা** সাথে নিয়ে যেতে পারবেন ;

(৭) প্রত্যেক হজ্জযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ এবং স্বাস্থ্য সনদ ও পুলিশ ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক ;

(৮) হজ্জযাত্রীদের সৌদি আরবে অবস্থানকাল **সর্বোচ্চ ৪২ দিন** হবে ;

(৯) **সরকারী এবং বেসরকারী উভয় ব্যবস্থাপনার হজ্জযাত্রীগণ হজ্জের উদ্দেশ্যে যাত্রার ০৩ (তিন) দিন পূর্বে ঢাকাস্থ আশকোনা হজ্জক্যাম্পে আগমন করবেন।** হজ্জক্যাম্পে অবস্থানকালে হজ্জের বিভিন্ন আরকান-আহকামসহ জরুরী বিষয়াদি সম্পর্কে অভিজ্ঞ প্রশিক্ষক দ্বারা ও অডিও ভিজুয়্যাল মিডিয়ার মাধ্যমে হজ্জযাত্রীদেরকে ৩ দিনের প্রশিক্ষণ প্রদান করা হবে ;

(১০) বিমান কর্তৃপক্ষের ব্যবস্থা অনুযায়ী বিমানে কোন হজ্জযাত্রী সর্বোচ্চ ৩০ (ত্রিশ) কেজির বেশী মালামাল বহন করতে পারবেন না। কোন খাদ্য দ্রব্য যেমন ঃ চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ পচনশীল খাদ্যদ্রব্য যেমন ঃ রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমুল, পান, সুপারি ইত্যাদি সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না।

(১১) কুরবানী/দম এর টাকা ইসলামী উন্নয়ন ব্যাংকে জমা দেয়া সৌদি সরকার কর্তৃক একমাত্র স্বীকৃত ব্যবস্থা। অসুবিধা এড়ানোর জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকে টাকা জমা দেয়াই উত্তম।

(১২) প্রত্যেক হজ্জযাত্রীকে বাধ্যতামূলকভাবে মেডিকেল তথ্য সম্বলিত আইডি কার্ড এবং কব্জী বেল্ট বহন করতে হবে। আবেদনপত্রে মেডিক্যাল তথ্যাবলী যথাযথভাবে পূরণ বাধ্যতামূলক।

(১৩) অতিরিক্ত কোন তথ্যাদি জানার প্রয়োজন হলে হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা (ফোন- ৮৯১৬৫৭৪, ৮৯১৬৫৭০) এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তাগনের সাথে (ফোন- ৭১৬৪৮০৭, ৭১৬৪৮১৯, ৭১৬৩৬৭৮) যোগাযোগ করতে পারেন। এ ছাড়াও প্রত্যেক জেলায় অবস্থিত উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, এর কার্যালয় হতে বিস্তারিত তথ্য জানা যাবে।

(১৪) হজ্জ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজ্জযাত্রীদের যাবতীয় তথ্য সংরক্ষণ ও সরবরাহ, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে। এ বিষয়ে www.bdhajjinfo.org/ www.hajjinfo.gov.bd/www.mora.gov.bd ওয়েব সাইটসমূহ হতে তথ্য সংগ্রহ করা যাবে।

( মোঃ সহিদুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব (হজ্জ)
ফোন ঃ ৭১৬৩৬৭৮

বিতরণ ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।
৩. গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৪. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৫. সচিব, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ.............................................
৬. রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৭. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা।
৮. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।
১০. বিভাগীয় কমিশনার (সকল)..........................................
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, বলাকা ভবন, ঢাকা।
১২. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট (এ বিষয়ে তাঁর আওতাধীন শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হ'ল)।
১৩. (ক) সোনালী ব্যাংক,(খ) অগ্রণী ব্যাংক (গ) জনতা ব্যাংক (ঘ) রূপালী ব্যাংক (ঙ) পূবালী ব্যাংক (চ) ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ (ছ) বাংলাদেশ কৃষি ব্যাংক (জ) আল-আরাফাহ ইসলামী ব্যাংক (ঝ) সিটি ব্যাংক (ঞ) (ট) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৫. জেলা প্রশাসক (সকল).................................................।
১৬. কাউন্সিলর (হজ্জ), হজ্জ উইং, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
১৭. পুলিশ সুপার, (সকল).................................................।
১৮. সিভিল সার্জন (সকল).................................................।
১৯. হজ্জ অফিসার, হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা।
২০. সহকারী হজ্জ অফিসার, মক্কা হজ্জ মিশন, মক্কা-আল-মোকাররমা, সৌদি আরব।
২১. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২২. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২৩. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ (সকল জেলা)।
২৪. গনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রেস বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।
২৫. লাইসেন্স নবায়নকৃত এজেন্সী (সকল)......................................................................................................................................................................................................।

(তদন্তাধীন এজেন্সীর লাইসেন্স বাতিল হলে উক্ত এজেন্সী হজ্জযাত্রী প্রেরণ করতে পারবে না)